Sri Jitendra Chaudhury
Leader of the Opposition
Tripura Legislative Assembly
New Capital Complex, Agartala, Tripura, PIN-799010.
Email : jchaudhury2008@gmail.com

**D.O.No.F.01/LoP-Misc/2025/121** **Date, the 13th April, 2025**

মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়,

আপনাকে সংক্রান্তির শুভ কামনা এবং আসন্ন বাংলা নববর্ষ উপলক্ষ্যে আগাম শুভেচ্ছা জ্ঞাপন করছি। একটি অত্যন্ত লজ্জা ও বেদনাদায়ক ঘটনায় আপনার দ্রুত হস্তক্ষেপ চেয়ে চিঠিখানি লেখার চেষ্টা করছি।

ইতিমধ্যে আপনি নিশ্চয়ই অবগত হয়েছেন গত শুক্রবার (১১ই এপ্রিল, ২০২৫ ইং) গভীর রাতে কৈলাসহর মহকুমার চন্ডিপুর আর ডি ব্লকের শ্রীরামপুর ট্রাইজাংশনে এযাবৎ প্রয়াতদের মধ্যে ত্রিপুরা রাজ্যের অন্যতম শ্রদ্ধেয় রাজনীতিক এবং প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী বৈদ্যনাথ মজুমদারের মূর্তির ভাঙা বেদির স্থানে ভগবান রামের একটি মূর্তি বসিয়ে দেয়া হয়েছে। আপনি এটাও নিশ্চয়ই জানেন, ২০১২ সালেই উক্ত স্থানে এলাকাবাসী সম্মিলিতভাবে সর্বজন শ্রদ্ধেয় বৈদ্যনাথ মজুমদারের পূর্ণাবয়ব মূর্তি স্থাপন করেছিলেন। গত ২০১৮ ইং সালের মার্চ মাসে বিধানসভা নির্বাচনের ঠিক পরক্ষণে একদল দুষ্কৃতী মূর্তিটি ভেঙে পাশের মনু নদীতে ফেলে দেয়। এই ঘটনাটি জেনে তৎকালীন মুখ্যমন্ত্রী মাননীয় বিপ্লব কুমার দেব দুঃখ প্রকাশ করেছিলেন এবং শুভাণুধ্যায়ীদের উদ্দেশ্যে বলেছিলেন পূনরায় উদ্যোগ নিয়ে মূর্তিটি স্ব-স্থানে প্রতিস্থাপন করার জন্য। এলাকাবাসীর মধ্যে নতুন করে একটি মূর্তি তৈরী করে বসানোর জন্য উদ্যোগও চলছিল। কিন্তু, ইত্যবসরে গত শুক্রবার রাতের অন্ধকারে এবং অত্যন্ত অকস্মাৎভাবে এই অযাচিত ঘটনাটি ঘটে

আপনি নিশ্চয়ই আমার সাথে একমত হবেন এই ঘটনায় গোটা রাজ্যবাসী স্তম্ভিত এবং ব্যথিত হয়েছে - যা আমাদের রাজ্যের সাংস্কৃতিক ঐতিহ্য ও পরম্পরার সাথে সম্পূর্ণ সাযুজ্যহীন। অচিরেই দলমত নির্বিশেষে এবং প্রশাসনিক উদ্যোগে এজাতীয় নেতিবাচক ঝোঁকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও জনমত গড়ে তোলা প্রয়োজন।

আলোচ্য বিষয়ে আপনার সমীপে আমার দু'টি সনির্বন্ধ প্রস্তাব –

(১) জননেতা বৈদ্যনাথ মজুমদারের মূর্তিটি যেন স্ব-স্থানেই নির্বিঘ্নে পুনঃস্থাপিত হতে পারে তার জন্য প্রশাসন যাতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে সেই ব্যবস্থা করুন।

(২)যথাযোগ্য মর্যাদায় ভগবান রামের মূর্তিটি কোনও একটি উপযুক্ত স্থানে বসানোর জন্য প্রশাসনিকভাবে ব্যবস্থা নেয়া হোক।

একান্ত শুভেচ্ছান্তে।

ইতি –

**(জীতেন্দ্র চৌধুরী)**

**ডাঃ(প্রফেসর) মানিক সাহা**
**মাননীয় মুখ্যমন্ত্রী, ত্রিপুরা সরকার**
**আগরতলা, ত্রিপুরা।**